# খ বিভাগ — শিশু বিকাশ ও পারিবারিক সম্পর্ক



## চতুর্থ অধ্যায়
# পরিবার ও শিশু

## পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি

- **পরিবার :** সাধারণত আমাদের পরিবারে থাকে মা–বাবা, ভাই-বোন, দাদা–দাদি, নানা–নানি আরও অনেকে। পরিবারে ভিন্ন ভিন্ন বয়সের সদস্য একত্রে বাস করে– যাদের সম্পর্ক গড়ে ওঠে বিয়ের মাধ্যমে এবং জন্মসূত্রে। পরিবার হলো সমাজের মূল একক।
- **পরিবারের প্রকারভেদ :** গঠন অনুসারে পরিবার দুই ধরেনের হয়। যথা : ১. একক পরিবার ও ২. যৌথ পরিবার।
- **বিভিন্ন বয়সের শিশু :** ১৯৮৯ সালে জাতিসংঘ ঘোষিত শিশু অধিকার সনদে ১৮ বছরের নিচে সকলকে শিশু বলে গণ্য করা হয়। শিশুর বিভিন্ন বয়সের বৈশিষ্ট্যের ওপর ভিত্তি করে শিশুকালকে বিভিন্ন নামকরণ করা হয়। যথা : ১. নবজাতক কাল, ২. অতি শৈশব, ৩. প্রারম্ভিক শৈশব, ও ৪. মধ্য শৈশব।
- **নবজাতক কাল :** জন্ম মুহূর্ত থেকে ২ সপ্তাহ – নবজাতক কাল। যেসব শিশু জন্মের সময় লালচে বা গোলাপি বর্ণের হয়, জন্ম মুহূর্তে কাঁদে, স্বাভাবিকভাবে দুধ খেতে পারে, তারাই সুস্থ নবজাতক। নবজাতকের প্রথম ভাষা হলো কান্না। এর মাধ্যমে শিশুর ফুসফুস সক্রিয় হয়ে ওঠে।
- **অতি শৈশব কাল :** ২ সপ্তাহ থেকে ২ বছর পর্যন্ত কালকে অতি শৈশব কাল বলা হয়। আবার দেড় বছর থেকে যখন শিশু হাঁটতে থাকে তখন তাদেরকে 'টডলার'ও বলা হয়।
- **প্রারম্ভিক শৈশব :** ২ বছর থেকে ৬ বছর পর্যন্ত সময় প্রারম্ভিক শৈশব বা শৈশবের প্রথম পর্যায়। এ বয়সটির অন্য আর একটি নাম হলো প্রাক বিদ্যালয় শিশু বা স্কুল পূর্বের শিশু। এ বয়সে শিশু স্কুলে আনুষ্ঠানিক পড়াশোনা শুরব করে না কিন্তু স্কুলে যাওয়ার প্রস্তুতি নেয়। এ সময়কে খেলার বয়সও বলা যায়।
- **মধ্য শৈশব :** ৬ বছর থেকে ১০/১১ বছর পর্যন্ত বয়সকে মধ্য শৈশব ধরা হয়। এ সময়ে শিশুর শারীরিক বিকাশ ধীর গতিতে চলে। কিন্তু সামাজিক জীবনে আসে বিস্ময়কর পরিবর্তন। এ সময়ের সফলতা তার ভবিষ্যৎ সফলতার দরজা খুলে দেয়।

## অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. জাতিসংঘ ঘোষিত সনদ অনুযায়ী কত বছর পর্যন্ত শিশুকাল ধরা হয়?**
ক ৬  খ ১০  গ ১৪  ● ১৮

**২. কোন বয়সে শিশুরা দৰ ও পরিশ্রমী হতে শুরব করে?**
ক অতি শৈশবে  খ প্রারম্ভিক শৈশবে
● মধ্য শৈশবে  ঘ কৈশোর কালে

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩ নং ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
বাড়িতেই সালেহা বানুর সন্তানটির জন্ম হয়েছিল। জন্মের পর পর তার বাচ্চাটি কাঁদেনি এবং তার শরীর নীল হয়ে যাচ্ছিল।

**৩. সালেহার বাচ্চাটি নীল হয়ে যাচ্ছিল কারণ–**
i. ফুসফুস সক্রিয় না হওয়া
ii. রক্তে কার্বন ডাই–অক্সাইড বেড়ে যাওয়া
iii. অক্সিজেনের অভাব হওয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ ii ও iii  গ i ও iii  ● i, ii ও iii

**৪. এ অবস্থায় সালেহার বাচ্চাটির জন্য করণীয় কী?**
ক বাচ্চাকে দ্রবত পরিষ্কার করা  খ দুধ খাওয়ানোর ব্যবস্থা করা
● অক্সিজেনের ব্যবস্থা করা  ঘ গরম কাপড় দিয়ে জড়িয়ে রাখা

## অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### পাঠ ১ : পরিবার ও পরিবারের প্রকারভেদ ■ পৃষ্ঠা–২৪

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫. গঠন অনুসারে পরিবার কত প্রকার?** [রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক ৪  ● ২  গ ৩  ঘ ৬

**৬. বড় পরিবার কোনটি?** (জ্ঞান)
ক একক পরিবার  ● যৌথ পরিবার
গ পিতৃতান্ত্রিক পরিবার  ঘ ধনী পরিবার

**৭. সমাজের মূল একক কী?** (জ্ঞান)
● পরিবার  খ অফিসআদালত  গ রাষ্ট্র  ঘ এতিমখানা

**৮. ভিন্ন ভিন্ন বয়সের সদস্যের মধ্যে সম্পর্ক গড়ে ওঠে কিসের মাধ্যমে?** (জ্ঞান)
ক বংশবৃদ্ধির মাধ্যমে  খ সন্তান জন্মদানের মাধ্যমে
● বিয়ের মাধ্যমে  ঘ একত্রে বসবাসের মাধ্যমে

**৯. কনা তার দাদা-দাদি, চাচা-চাচি, ভাইবোনের সাথে একত্রে বসবাস করে। এটি কোন ধরনের পরিবার?** (প্রয়োগ)

ক পিতৃপ্রধান পরিবার  খ মাতৃপ্রধান
গ একক পরিবার  ● যৌথ পরিবার

**১০. যৌথ পরিবারের বন্ধন দৃঢ় থাকে বলে সদস্যরা একে অপরকে কী করে?** (জ্ঞান)
ক মার দেয়  ● সহযোগিতা করে  গ বকা দেয়  ঘ হিংসা করে

**১১. পরিবারের সকল সদস্যের মধ্যে যে গভীর সম্পর্ক বিরাজ করে তাকে কী বলা যায়?** (জ্ঞান)
● পারিবারিক বন্ধন  খ সামাজিক বন্ধন
গ রাষ্ট্রীয় বন্ধন  ঘ পারিবারিক মমতা

**১২. পরিবারের ছোট সদস্যদের কী দরকার হয়?** (অনুধাবন)
ক দামি খাবার ও খেলনা  খ দামি খেলনা ও পোশাক
● উপযুক্ত যত্ন ও পরিচালনা  ঘ দামি পোশাক ও আসবাব

**১৩. শুধুমাত্র মা–বাবা এবং তাদের অবিবাহিত সন্তানসন্ততি নিয়ে যে পরিবার গঠিত হয় তাকে কী বলে?** (জ্ঞান)
● একক পরিবার  খ যৌথ পরিবার
গ মাতৃতান্ত্রিক পরিবার  ঘ পিতৃতান্ত্রিক পরিবার

**১৪. একক পরিবারের ধরন কেমন হয়?** (জ্ঞান)
● ছোট  খ বড়  গ মাতৃপ্রধান  ঘ পিতৃপ্রধান

**১৫. কোন চাহিদা পূরণ করা পরিবারের গুরুত্বপূর্ণ কাজ বলে তুমি মনে কর?** (উচ্চতর দক্ষতা)
● নিরাপত্তা ও সহযোগিতার চাহিদা
খ একক পরিবারে বসবাসের চাহিদা
গ বড় পরিবারে বসবাসের চাহিদা
ঘ খেলাধুলা ও স্বাস্থ্য রক্ষা করার চাহিদা

**১৬. পরিবারের সদস্যদের কেমন পরিবেশ প্রয়োজন?** (অনুধান)
● নিরাপদ  খ বন্ধুত্বপূর্ণ  গ গোছানো  ঘ পরিপাটি

**১৭. পরিবারের সদস্য হিসেবে প্রত্যেকেরই কী থাকে?** (জ্ঞান)
ক ইচ্ছা  খ আকাঙ্ক্ষা  গ স্বপ্ন  ● চাহিদা

**১৮. পরিবারে একে অপরের প্রতি দায়িত্ব ও কর্তব্য পালনে কোনটি থাকা জরুরি?** (উচ্চতর দক্ষতা)
ক প্রতিযোগিতা  খ প্রতিহিংসা  গ বন্ধুত্ব  ● আন্তরিকতা

**১৯. সেলিম সাহেবের পরিবার একক পরিবার। তার সন্তানরা কার সহযোগিতা ছাড়াই বেড়ে ওঠে?** (উচ্চতর দক্ষতা)
ক কাজের লোকের  খ পরিচিতজনদের
● বয়স্ক সদস্যদের  ঘ বন্ধু–বান্ধবের

**২০. বর্তমানে কোন ধরনের পরিবার বেশি দেখা যায়?** (জ্ঞান)
ক পিতৃপ্রধান পরিবার  খ মাতৃপ্রধান পরিবার
● একক পরিবার  ঘ যৌথ পরিবার

**২১. শিশুর কোন ক্ষেত্রে যৌথ পরিবারের জীবনযাত্রার সাথে একক পরিবারের পার্থক্য দেখা যায়?** (অনুধাবন)
ক শিক্ষা  খ খাওয়া–দাওয়া  ● প্রতিপালন  ঘ বাসস্থান

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২২. পরিবারের সদস্যদের চাহিদাগুলো হলো–** (অনুধাবন)
i. খাদ্য, ভালোবাসা
ii. শিক্ষা, নিরাপত্তা
iii. বাসস্থান, সহযোগিতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

**২৩. পারিবারিক বন্ধন দৃঢ় করতে করণীয়—** (উচ্চতর দক্ষতা)
i. দায়িত্ব ও কর্তব্য পালন করা
ii. অভিজ্ঞতা ও ভাব বিনিময় করা
iii. স্নেহ ও শ্রদ্ধা আদান–প্রদান করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

**২৪. পারিবারিক বন্ধন তৈরি হয়–** (অনুধাবন)
i. রক্তের সম্পর্কের মাধ্যমে
ii. স্নেহ ভালোবাসার মাধ্যমে
iii. একে অপরের সহযোগিতার মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

**২৫. নুহার পরিবারে দাদা–দাদি ও বাবা–মা থাকে। সে দাদা–দাদির কাছ থেকে পেতে পারে–** (প্রয়োগ)
i. পরামর্শ  ii. সজ্জা  iii. ভালোবাসা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

**২৬. পরিবারের সদস্যদের মধ্যে সম্পর্ক গড়ে ওঠে–** (অনুধাবন)
i. বিয়ের মাধ্যমে  ii. জন্মসূত্রে  iii. গানের মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ ii ও iii

**২৭. রাতুল তার পরিবারের সবচেয়ে ছোট সদস্য। পরিবারের ছোট সদস্যদের দরকার হয়–** (প্রয়োগ)
i. উপযুক্ত যত্ন  ii. উপযুক্ত পরিচালনা  iii. প্রচুর অর্থ
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :**
সেলিনা ও রিফাত দুই ভাইবোন। তারা তাদের বাবা-মায়ের সাথে থাকে। বাবা-মা উভয়েই কর্মজীবী। তারা অবসর সময়ে টিভি দেখে ও খেলাধুলা করে।

**২৮. বাবা–মা ছাড়াও সেলিনার পরিবারে আরও কাদের সহযোগিতা প্রয়োজন ছিল বলে তুমি মনে কর?** (প্রয়োগ)
ক কাজের লোকের  ● বয়স্ক সদস্যদের
গ প্রতিবেশির  ঘ আত্মীয়স্বজনের

**২৯. সেলিনার পরিবারটি—** (উচ্চতর দক্ষতা)
i. একক পরিবার
ii. ছোট পরিবার
iii. মাতৃতান্ত্রিক পরিবার
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

# পাঠ ২ : বিভিন্ন বয়সের শিশুর বৈশিষ্ট্য ■ পৃষ্ঠা–২৬

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩০. শিশু অধিকার সনদে ১৮ বছরের নিচে সকলকে কী বলা হয়?** (জ্ঞান)
● শিশু  খ যুবক  গ কিশোর  ঘ প্রাপ্ত বয়স্ক

**৩১. শিশুর সাথে সঠিক আচরণ করতে হলে কোনটি জানা প্রয়োজন?** (জ্ঞান)
● বিভিন্ন বয়সের শিশুর বৈশিষ্ট্য  খ নির্দিষ্ট বয়সের শিশুর বৈশিষ্ট্য
গ নির্দিষ্ট চাহিদার শিশুর বৈশিষ্ট্য  ঘ বিশেষ গুণসম্পন্ন শিশুর বৈশিষ্ট্য

**৩২. শিশুর বিভিন্ন বয়সের বৈশিষ্ট্য জেনে তার জন্য কোনটি তৈরিতে মা–বাবাকে সচেতন করা যায়?** (জ্ঞান)
● বেড়ে ওঠার উপযুক্ত পরিবেশ  খ খেলাধুলার জন্য খেলার মাঠ
গ পড়ালেখার জন্য শিক্ষা প্রতিষ্ঠান  ঘ সুস্থ থাকার জন্য উপযুক্ত স্বাস্থ্য কেন্দ্র

**৩৩. নবজাতক দিনে কয় ঘণ্টা ঘুমায়?** [খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক ১৭–২০  খ ১৮–১৯  ● ১৮–২০  ঘ ২০–২২

**৩৪. সুস্থ নবজাতকের জন্মের সময় শরীরের রং কেমন থাকে?** (জ্ঞান)
ক লালচে ও কালো বর্ণের  খ সাদা বর্ণের
গ নীল বর্ণের  ● লালচে বা গোলাপি বর্ণের

**৩৫. নবজাতকের অস্বাভাবিকতা কোনটি?** (জ্ঞান)
ক ওজন ৩ কেজি হওয়া  ● জন্মের পর না কাঁদা
গ চুষে খেতে পারা  ঘ বেশির ভাগ সময় ঘুমানো

**৩৬. জন্মের পর শিশুর সুস্থতার প্রথম লক্ষণ কী?** (জ্ঞান)
● কান্না করা  খ চুপ থাকা  গ দুধ খাওয়া  ঘ নীরব থাকা

৩৭. দিবার একটি ছোট বোন আছে। যার বয়স ২ বছর। সে এখন শৈশবের কোন স্তরে আছে? (প্রয়োগ)
ক নবজাতক কালে খ মধ্য সময়ে
● অতি শৈশবে ঘ কৈশোর কালে

৩৮. জাতিসংঘ কত সালে শিশু অধিকার সনদ ঘোষণা করেছে? (জ্ঞান)
● ১৯৮৯ খ ১৯৯০ গ ১৯৯১ ঘ ১৯৯২

৩৯. শিশুর জন্মমুহূর্ত থেকে ২ সপ্তাহ পর্যন্ত সময়কালকে কী বলা হয়? (জ্ঞান)
● নবজাতক কাল খ অতি শৈশব
গ প্রারম্ভিক শৈশব ঘ মধ্য শৈশব

৪০. নবজাতকের প্রথম ভাষা কী? (জ্ঞান)
ক হাসি খ ঘুম ● কান্না ঘ নড়াচড়া

৪১. কীসের মাধ্যমে শিশুর ফুসফুস সক্রিয় হয়ে ওঠে? (জ্ঞান)
ক হাসির মাধ্যমে ● কান্নার মাধ্যমে
গ চিকিৎসার মাধ্যমে ঘ কথা বলার মাধ্যমে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪২. শিশুর বিভিন্ন বয়সের বৈশিষ্ট্য জানা দরকার– (অনুধাবন)
i. চাহিদা পূরণ ও সঠিক আচরণ করতে
ii. সময়মতো চিকিৎসা করাতে
iii. উপযুক্ত খাদ্য খাওয়াতে
নিচের কোনটি সঠিক?
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৪৩. সুস্থ নবজাতকের বৈশিষ্ট্য– (অনুধাবন)
i. লালচে বা গোলাপি বর্ণের হয় ii. জন্ম মুহূর্তে কাঁদে
iii. স্বাভাবিকভাবে দুধ খেতে পারে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৪৪. নবজাতকের সুস্থতা বোঝার উপায়– (অনুধাবন)
i. ঠোঁটের কাছে আঙুল রাখলে চুষে খেতে চায়
ii. হাতের তালুতে কিছু রাখলে শক্ত করে চেপে ধরে
iii. হঠাৎ কোনো শব্দ হলে চমকে ওঠে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৪৫. নবজাতকের অস্বাভাবিকতায় তাকে নিয়ে যাওয়া উচিত– (উচ্চতর দক্ষতা)
i. হাসপাতালে ii. স্বাস্থ্যকেন্দ্রে
iii. চিকিৎসকের কাছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪৬ ও ৪৭ নং প্রশ্নের উত্তর দাও :**
গত সপ্তাহে রিতার একটি ভাই হয়েছে। জন্মের পর সে কাঁদেনি এবং এখনো সে স্বাভাবিকভাবে দুধ খেতে পারছে না।

৪৬. রিতার ভাইয়ের জন্মকালীন লক্ষণগুলো কেমন? (প্রয়োগ)
● অস্বাভাবিক খ বিপদমুক্ত গ স্বাভাবিক ঘ সুস্থ

৪৭. রিতার ভাইয়ের লক্ষণগুলো দেখার পর তাকে কোথায় নিয়ে যাওয়া উচিত? (উচ্চতর দক্ষতা)
i. সেবিকার কাছে ii. চিকিৎসকের কাছে
iii. হাসপাতালে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

# পাঠ ৩ : অতি শৈশব কাল ■ পৃষ্ঠা–২৭

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৮. শিশুর ২ সপ্তাহ থেকে ২ বছর পর্যন্ত কালকে কী বলা হয়? (জ্ঞান)
● অতি শৈশব কাল খ কৈশোর কাল
গ শৈশব কাল ঘ নবজাতক কাল

৪৯. দেড় বছর বয়সে যখন শিশু হাঁটতে থাকে তখন তাকে কী বলা হয়? (জ্ঞান)
ক বড় শিশু খ ছোট শিশু ● টডলার ঘ কিশোর

৫০. ছয় মাস বয়সে শিশুর ওজন কত হয়? (জ্ঞান)
● জন্মকালীন ওজনের ২ গুণ খ জন্মকালীন ওজনের ৩ গুণ
গ জন্মকালীন ওজনের ৪ গুণ ঘ জন্মকালীন ওজনের ৬ গুণ

৫১. শিশুর যত্নে কার ভূমিকা সবচেয়ে বেশি? (জ্ঞান)
ক দাদির ● মায়ের গ ফুফুর ঘ নানির

৫২. জন্মের সময় শিশুর যা দৈর্ঘ্য থাকে, চার-পাঁচ বছরে তা কত হয়? (জ্ঞান)
● দ্বিগুণ হয় খ তিনগুণ হয়
গ চারগুণ হয় ঘ পাঁচগুণ হয়

৫৩. শিশুর শারীরিক ও মানসিক বিকাশে সহায়তা করে কোনটি? (জ্ঞান)
ক তৈলাক্ত খাবার খ ঠান্ডা খাবার
গ বাসী খাবার ● উপযুক্ত খাবার

৫৪. বয়সানুযায়ী শিশুর ওজন ও উচ্চতা স্বাভাবিক থাকলে তাকে কী বলা যায়? (জ্ঞান)
ক শান্ত ও সুস্থ শিশু খ অস্বাভাবিক শিশু
গ অসুস্থ ও মোটা শিশু ● সুস্থ ও স্বাভাবিক শিশু

৫৫. কোন সময়ে শিশুর বিকাশ খুব দ্রুত হয়? [বীর উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ]
ক নবজাতক কালে ● অতিশৈশবে
গ প্রারম্ভিক শৈশবে ঘ মধ্য শৈশবে

৫৬. শিশুর ওজন বাড়ার হার ক্রমাগত কমতে থাকে কত বছর থেকে? (জ্ঞান)
ক দুই–তিন খ তিন–চার
● চার–পাঁচ ঘ পাঁচ–ছয়

৫৭. জন্মের সময় শিশু কেমন অবস্থায় থাকে? (জ্ঞান)
● অসহায় খ নির্ভরশীল গ নাদুসনুদুস ঘ চুপচাপ

৫৮. ইমনের পরিবারের নিকটজনেরা তার সাথে ভাব বিনিময়ে অংশ নেয়। এর ফলে ইমন কিরূপ শিশু হিসেবে গড়ে উঠছে? (প্রয়োগ)
● বুদ্ধিমান খ জ্ঞানী গ অসুস্থ ঘ স্বাভাবিক

৫৯. সুস্থ ও স্বাভাবিক শিশুর চেহারায় কিসের ছাপ থাকে? (জ্ঞান)
ক হাসি ও কান্নার ● আনন্দ ও পরিতৃপ্তির
গ রাগ ও অভিমানের ঘ সুখ ও দুঃখের

৬০. সুস্থ ও স্বাভাবিক শিশুর চামড়া, চুল কেমন হয়? (জ্ঞান)
ক চকচকে ও অমসৃণ খ মসৃণ ও এলোমেলো
● চকচকে ও মসৃণ ঘ তুলতুলে ও মসৃণ

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৬১. সুস্থ ও স্বাভাবিক শিশুর বৈশিষ্ট্যগুলো হলো– (অনুধাবন)
i. ওজন ও উচ্চতা স্বাভাবিক
ii. চোখ স্বচ্ছ ও উজ্জ্বল
iii. গায়ের রং ফর্সা
নিচের কোনটি সঠিক?
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ ii ও iii

৬২. শিশুর বৃদ্ধি বিভিন্ন রকম হওয়ার কারণ– (অনুধাবন)
i. বাবা–মায়ের আকৃতি
ii. সঠিক যত্ন
iii. খাদ্য, পুষ্টি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৬৩. শিশুর মস্তিষ্কের বিকাশে খাদ্যের পাশাপাশি প্রয়োজন– (অনুধাবন)
i. ভালোবাসা
ii. স্নেহ
iii. উদ্দীপনা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৬৪. ছোট শিশুর যত্নে আমাদের করণীয়-** (উচ্চতর দক্ষতা)
i. ক্ষুধা লাগলে খাবার দেওয়া
ii. ভেজা বিছানায় ঘুমাতে দেওয়া
iii. ভয় পেলে কোলে তুলে নেওয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৬৫. শিশুর ওজন বৃদ্ধির স্বাভাবিক নিয়ম হলো-** (অনুধাবন)
i. এক বছরে চার গুণ
ii. এক বছরে তিন গুণ
iii. তিন বছরে পাঁচ গুণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

**৬৬. পরিবারের নিকটজনেরা শিশু পালন ও ভাব বিনিময়ে অংশ নেওয়ার ফলে—** (উচ্চতর দক্ষতা)
i. অন্য শিশুর তুলনায় সে বেশি শান্ত হয়
ii. অন্য শিশুর তুলনায় সে বেশি স্বাস্থ্যবান হয়
iii. অন্য শিশুর তুলনায় সে বেশি বুদ্ধিমান হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

**৬৭. শিশুর শারীরিক যে বৈশিষ্ট্য থাকলে তাকে সুস্থ স্বাভাবিক শিশু বলা যায়—** (উচ্চতর দক্ষতা)
i. বয়স অনুযায়ী উচ্চতা, ওজন স্বাভাবিক
ii. চামড়া, চুল চকচকে ও মসৃণ
iii. নাদুসনুদুস স্বাস্থ্যের অধিকারী
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৬৮ ও ৬৯ নং প্রশ্নের উত্তর দাও :**
নূরের বয়স দেড় বছর। সে এখন হেলেদুলে হাঁটতে পারে। তার চোখ স্বচ্ছ ও উজ্জ্বল। তার চেহারায় আছে আনন্দের ছাপ। সারাদিন খেলাধুলা করার পর বিকালে সে ঘুমায়। এ সময় তার মা তাকে বিছানা করে দেন।

**৬৮. নূরের মতো হেলেদুলে হাঁটতে পারা শিশুদের কী বলা হয়?** (প্রয়োগ)
● টডলার খ সুস্থ শিশু
গ স্বাভাবিক শিশু ঘ নবজাতক শিশু

**৬৯. নূরের বিছানা কেমন হওয়া উচিত?** (উচ্চতর দক্ষতা)
● আরামদায়ক খ শক্ত গ ছোট ঘ নরম

# পাঠ ৪ : প্রারম্ভিক শৈশব ■ পৃষ্ঠা—২৮

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৭০. প্রারম্ভিক শৈশবের সময়সীমা কত?** (জ্ঞান)
● ২ – ৬ বছর খ ৫ – ৬ বছর গ ৩ – ৬ বছর ঘ ৩ – ৪ বছর

**৭১. কোন বয়সে শিশুরা অনুকরণপ্রিয় হয়?** (জ্ঞান)
● প্রারম্ভিক শৈশবে খ অতি শৈশবে গ নবজাতক কালে ঘ মধ্য শৈশবে

**৭২. শিশু প্রশ্ন করলে আমাদের কী করা উচিত?** (উচ্চতর দক্ষতা)
ক ধমক দেওয়া খ শাস্তি দেওয়া
গ বিরক্ত হওয়া ● সহজ উত্তর দেওয়া

**৭৩. শিশুরা সমবয়সীদের সাথে প্রতিযোগিতা করার ফলে তার কী ঘটে?** (উচ্চতর দক্ষতা)
ক নৈতিক বিকাশ ● সামাজিক বিকাশ
গ শারীরিক বিকাশ ঘ মানসিক বিকাশ

**৭৪. প্রারম্ভিক শৈশব কালের অন্য আর একটি নাম কী?** (জ্ঞান)
ক টডলার শিশু ● স্কুল পূর্বের শিশু
গ স্কুল পরবর্তী শিশু ঘ মধ্য শৈশবের শিশু

**৭৫. শিশুর নিজ সম্পর্কে বেশি কথা বলা কিসের লক্ষণ?** (জ্ঞান)
ক প্রতিযোগিতা ● আত্মকেন্দ্রিকতা
গ অনুকরণপ্রিয়তা ঘ সামাজিকতা

**৭৬. বড়রা প্রশ্নের সঠিক ও সহজ উত্তর দিলে শিশুর কী হবে?** (উচ্চতর দক্ষতা)
ক বুদ্ধি কমে যাবে ● বুদ্ধির বিকাশ ঘটবে
গ আগ্রহ হারিয়ে যাবে ঘ কৌতূহল কমে যাবে

**৭৭. বড়রা শিশুদের ধমক দিয়ে থামিয়ে দিলে কী হয়?** (অনুধাবন)
● শিশুর উৎসাহ কমে যায় খ শিশুর উৎসাহ বেড়ে যায়
গ কৌতূহল বেড়ে যায় ঘ কথা বলা কমে যায়

**৭৮. কোন সময়কে খেলার বয়স বলা হয়?** (জ্ঞান)
ক অতি শৈশব ● প্রারম্ভিক শৈশব
গ মধ্য শৈশব ঘ আনন্দের শৈশব

**৭৯. কোন বয়সে শিশু স্কুলে যাওয়ার প্রস্তুতি নেয়?** (উচ্চতর দক্ষতা)
ক অতি শৈশবে ● প্রারম্ভিক শৈশবে
গ মধ্য শৈশবে ঘ কৈশোরে

**৮০. কোন সময়ে শিশু প্রত্যেক বিষয়ে অনর্গল প্রশ্ন করে?** (জ্ঞান)
ক অতি শৈশবে ● প্রারম্ভিক শৈশবে
গ মধ্য শৈশবে ঘ নবজাতক কালে

**৮১. শৈশবের প্রথম পর্যায়ে পৃথিবীকে শিশুর কী মনে হয়?** (জ্ঞান)
ক স্বাভাবিক খ অস্বাভাবিক
গ ঝুঁকিপূর্ণ ● বিরাট বিস্ময়

**৮২. প্রারম্ভিক শৈশব শিশুর জন্য কেমন?** (অনুধাবন)
ক দুঃখের খ পরিতৃপ্তির ● আনন্দের ঘ অভিমানের

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৮৩. যে কাজগুলো শিশুর অনুকরণপ্রিয়তা প্রকাশ করে—** (অনুধাবন)
i. বাবার মতো খবরের কাগজ পড়া
ii. মায়ের মতো পরামর্শ দেয়া
iii. অন্যের কাজের মতো অভিনয় করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৮৪. শৈশবের প্রথম পর্যায়কে বলা হয়—** (অনুধাবন)
i. খেলার বয়স
ii. আগ্রহের বয়স
iii. কৌতূহলের বয়স
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৮৫. শিশুদের জীবনে সঠিক পরিবর্তন আনতে করণীয়—** (উচ্চতর দক্ষতা)
i. নতুন বিষয় সম্পর্কে শিশুকে পরিচিত করা
ii. শিশুকে সময় দেওয়া
iii. নতুন কিছু করতে উৎসাহিত করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৮৬. প্রাক বিদ্যালয় শিশুর বৈশিষ্ট্য হলো—** (অনুধাবন)
i. অনুকরণপ্রিয়তা ii. কৌতূহলী iii. আত্মকেন্দ্রিকতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৮৭ ও ৮৮ নং প্রশ্নের উত্তর দাও :**

মাহিবার বয়স ৪ বছর। এ বছর সে স্কুলে ভর্তি হয়েছে। খেলার মধ্য দিয়ে সে পড়াশুনা শুরব করেছে। সে তার মাকে প্রত্যেক বিষয়ে অনর্গল প্রশ্ন করে। মা তার সব প্রশ্ন মনোযোগ দিয়ে শুনে সহজ উত্তর দেন।

**৮৭. মাহিবার এ সময়কে কী বলা যায়?** (প্রয়োগ)
● খেলার বয়স ⓖ কাজের বয়স
ⓖ পড়ার বয়স ⓘ কথার বয়স

**৮৮. মাহিবার সুষ্ঠু বিকাশে মায়ের করণীয়—** (উচ্চতর দক্ষতা)
i. তাকে সময় দেওয়া ও খেলাধুলা করা
ii. নতুন কিছু করতে ও স্বাদ গ্রহণে উৎসাহিত করা
iii. তার সঙ্গে ঘরে বাইরে সুন্দরভাবে কথা বলা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## পাঠ ৫ : মধ্য শৈশব ■ পৃষ্ঠা–৩০

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৮৯. উদ্যমী ও পরিশ্রমী কোন বয়সের বৈশিষ্ট্য?** (জ্ঞান)
ⓚ অতি শৈশব ● মধ্য শৈশব
ⓖ প্রারম্ভিক শৈশব ⓘ কৈশোর

**৯০. মধ্য শৈশবে কোন ক্ষেত্রে শিশুর বিস্ময়কর পরিবর্তন আসে?** (জ্ঞান)
ⓚ স্কুল জীবনে ⓖ অর্থনৈতিক জীবনে
● সামাজিক জীবনে ⓘ পারিবারিক জীবনে

**৯১. কোন সময়ে শিশুরা স্কুলে যাওয়া শুরু করে?** [খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ⓚ শৈশবকালে ⓖ অতিশৈশবে
● মধ্য শৈশবে ⓘ কৈশোরকালে

**৯২. মধ্য শৈশবে শিশুর শারীরিক বিকাশ কেমন গতিতে চলে?** (জ্ঞান)
ⓚ দ্রবত ● ধীর ⓖ মধ্যম ⓘ অতি দ্রবত

**৯৩. মধ্য শৈশবের বয়সকে কী ধরনের বয়স বলা হয়?** (জ্ঞান)
● দলীয়ভাবে খেলার বয়স ⓖ এককভাবে খেলার বয়স
ⓖ কাজের বয়স ⓘ হতাশার বয়স

**৯৪. ব্যর্থতা মধ্য শৈশবের শিশুর মধ্যে কী সৃষ্টি করে?** (জ্ঞান)
ⓚ আনন্দ ⓖ বেদনা ● হতাশা ⓘ কষ্ট

**৯৫. শিশুর ছক বাঁধা জীবনের প্রধান পরিবর্তন আসে কীভাবে?** (অনুধাবন)
● শিশু স্কুলে যাওয়া শুরব করলে ⓖ ছবি আঁকা শুরব করলে
ⓖ সাঁতার কাটা শুরব করলে ⓘ নিজের কাজ নিজে করা শুরব করলে

**৯৬. বিভিন্ন কাজে অংশ নেওয়ার মাধ্যমে শিশু কেমন হয়ে ওঠে?** (অনুধাবন)
ⓚ অলস ⓖ কর্মঠ ● উদ্যমী ⓘ স্বাবলম্বী

**৯৭. নাফিজ নতুন নতুন কাজ সফলভাবে সম্পন্ন করে। এতে তার কোনটি বেড়ে যাবে?** (প্রয়োগ)
ⓚ আনন্দ ● আত্মবিশ্বাস ⓖ হতাশা ⓘ উদ্যম

**৯৮. ভালো আচরণের জন্য বড়দের প্রশংসা শিশুর মধ্যে কী জাগায়?** (জ্ঞান)
● নিরাপত্তাবোধ ⓖ হতাশা ⓖ অনিরাপত্তা ⓘ বিষণ্ণতা

**৯৯. মধ্য শৈশবে নিজের কাজের বাইরে শিশু কোন কাজটি করতে পারে?** (অনুধবাবন)
● বাগান করা ⓖ পোশাক পরা ⓖ খাওয়া ⓘ গোসল করা

**১০০. মধ্য শৈশবে শিশুর মধ্যে কী তৈরি হয়?** (অনুধবাবন)
ⓚ প্রয়োজনীয় সম্পর্ক ⓖ প্রয়োজনীয় কর্মব্যস্ততা
ⓖ প্রয়োজনীয় সাফল্য ● প্রয়োজনীয় দক্ষতা

**১০১. শিশুর ভেতর হতাশা থেকে কোন ধরনের সমস্যা তৈরি হয়?** (অনুধবাবন)
ⓚ শারীরিক ⓖ সামাজিক
● আচরণগত ⓘ বুদ্ধিভিত্তিক

**১০২. বড়দের নেতিবাচক উক্তি শিশুদের কোনটি নষ্ট করে?** (জ্ঞান)
ⓚ কর্মদক্ষতা ⓖ পরিশ্রমী মনোভাব
ⓖ শারীরিক সুস্থতা ● আত্মবিশ্বাস

**১০৩. তাহ্‌সিন পরীক্ষায় খারাপ ফল করল। সে সাহস হারিয়ে ফেলায় কোন ধরনের পরিস্থিতির সম্মুখীন হবে?** (প্রয়োগ)
ⓚ নতুন কাজে আগ্রহ নষ্ট হয়ে যাবে
● ভবিষ্যৎ সাফলতায় বাধার সৃষ্টি হবে
ⓖ তার আচরণগত সমস্যা দেখা দিবে
ⓘ আরও ভালো ফলাফলে উৎসাহী হবে

**১০৪. ৬ বছর থেকে ১০/১১ বছর পর্যন্ত বয়সকে কী বলা হয়?** [সাতক্ষীরা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ⓚ অতি শৈশব ⓖ প্রারম্ভিক শৈশব ● মধ্য শৈশব ⓘ কৈশোর কাল

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১০৫. হতাশা থেকে শিশুর মধ্যে যে ধরনের সমস্যা তৈরি হয়–** (উচ্চতর দক্ষতা)
i. অতিরিক্ত রাগ
ii. বিষণ্ণতা
iii. কাউকে আঘাত করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১০৬. যে কোনো কারণে বড়দের দেওয়া শাস্তির ফলে–** (উচ্চতর দক্ষতা)
i. শিশুর আত্মমর্যাদায় আঘাত লাগে
ii. শিশুর মধ্যে হতাশার জন্ম হয়
iii. শিশু নতুন কাজের আগ্রহ হারিয়ে ফেলে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১০৭. মধ্য শৈশবে শিশুরা সমবয়সীদের সাথে যা করে–** (অনুধাবন)
i. ব্যাপক যোগাযোগ করে
ii. খারাপ আচরণ করে
iii. বিভিন্ন রকম প্রতিযোগিতা করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১০৮ ও ১০৯ নং প্রশ্নের উত্তর দাও :**
রাকিবের বয়স ১০ বছর। সে ও তার ভাই মিলে বাড়িতে একটি সবজি বাগান তৈরি করে। এ বাগানে তারা বিভিন্ন ধরনের সবজি চাষ করে। এ কাজে তারা কখনো ক্লান্ত হয়নি। তাদের বাগান দেখে চাচা-চাচি খুব প্রশংসা করল।

**১০৮. উদ্দীপকের রাকিবের মাঝে মধ্য শৈশবের কোন বৈশিষ্ট্য আছে?** (প্রয়োগ)
ⓚ অলসতা ও উদ্যম ● উদ্যম ও পরিশ্রম
ⓖ হতাশা ও ব্যর্থতা ⓘ প্রশংসা ও ভালোবাসা

**১০৯. চাচা-চাচির প্রশংসার ফলে রাকিব–** (উচ্চতর দক্ষতা)

i. নিরাপত্তাবোধ করবে
ii. ভালো কাজ করতে আগ্রহী হবে
iii. মনোবল কমে যাবে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii  ⓑ i ও iii
ⓖ ii ও iii  ⓓ i, ii ও iii

## অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

আবিদের বয়স ৩ বছর। তার চাকরিজীবী মা বাসস্থান থেকে অফিস দূরে হওয়া সত্ত্বেও শ্বশুর-শাশুড়ির সাথেই থাকেন। আবিদের গোসল খাওয়া ইত্যাদি কাজ তার চাচি করে থাকেন। সারাদিন মা-বাবার অনুপস্থিতি সত্ত্বেও দাদা-দাদির সাথে আনন্দ হৈ চৈ করে আবিদের দিন কেটে যায়।

ক. সমাজের মূল একক কী?
খ. একক পরিবার কাকে বলে?
গ. আবিদ কোন ধরনের পরিবারে বেড়ে উঠছে? ব্যাখ্যা কর।
ঘ. আবিদের বয়সী শিশুদের বেড়ে উঠার পেছনে পরিবারের ভূমিকা ব্যাখ্যা কর।

### ১নং প্রশ্নের উত্তর

ক. সমাজের মূল একক হলো পরিবার।

খ. যে পরিবারে মা-বাবা এবং তাদের অবিবাহিত সন্তানসন্ততি থাকে তাকে একক পরিবার বলে। একক পরিবার হলো ছোট পরিবার। বর্তমানে অধিকাংশ পরিবার একক পরিবার।

গ. আবিদ যৌথ পরিবারে বেড়ে উঠছে। এ ধরনের পরিবারে অনেক সদস্য থাকে বলে বিপদে আপদে বা কেউ কোনো সমস্যায় পড়লে একজন অপরজনকে সাহায্য করতে পারে। উদ্দীপকে আবিদের পরিবারে আবিদের মা, বাবা, চাচা–চাচি, দাদা–দাদি সবাই মিলেমিশে থাকে। আবিদের গোসল, খাওয়া ইত্যাদি কাজ তার চাচি করে থাকেন। সারাদিন মা–বাবার অনুপস্থিতি সত্ত্বেও দাদা–দাদির সাথে আনন্দ হৈ চৈ করে আবিদের দিন কেটে যায়। অর্থাৎ যৌথ পরিবারের বৈশিষ্ট্য তার পরিবারে বিদ্যমান। সুতরাং আমরা বলতে পারি আবিদ যৌথ পরিবারে বেড়ে উঠছে।

ঘ. আবিদের বয়সী শিশুদের বেড়ে ওঠার পেছনে পরিবারের ভূমিকা অপরিসীম। পরিবারের সকলের সাথে সকলের একটি গভীর সম্পর্ক বিরাজ করে। এটাই পারিবারিক বন্ধন। যখন পারিবারিক বন্ধন দৃঢ় থাকে, তখন তারা নানাভাবে একে অপরের সহযোগিতায় আসতে পারে। উদ্দীপকের পরিবারের বন্ধন দৃঢ় হওয়ার কারণেই আবিদের গোসল, খাওয়া ইত্যাদি কাজগুলো তার চাচি করে থাকেন। সারাদিন মা–বাবার অনুপস্থিতি সত্ত্বেও দাদা–দাদির সাথে আনন্দ হৈ চৈ করে আবিদের দিন কেটে যায়। তাদের সঙ্গ ও ভালোবাসা আবিদকে সুষ্ঠুভাবে বেড়ে উঠতে সহায়তা করে। পরিবারের বন্ধন পরিবারের সকলের মধ্যে স্নেহ–ভালোবাসা ও শ্রদ্ধা–সম্মান আদান প্রদান করা, দায়িত্ব পালন, ভাব বিনিময় ইত্যাদির মধ্য দিয়ে দৃঢ় করা যায়। তাই বলা যায় আবিদের বয়সী শিশুদের বেড়ে ওঠার পেছনে পরিবারের ভূমিকা বিশেষ গুরবত্ববহ।

**প্রশ্ন –২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

সাইয়ারা আগামী বছর স্কুলে ভর্তি হবে। সে সারাদিন কথা বলে। তার চারপাশের জগৎ নিয়ে মাকে সে সারাদিন হাজারো প্রশ্ন করে ব্যস্ত রাখে। কর্মব্যস্ত মা বিরক্ত না হয়ে সাইয়ারার বিভিন্ন প্রশ্নের উত্তর দিতে থাকেন।

ক. জন্মের পর নবজাতকের প্রথম ভাষা কী?
খ. সুস্থ স্বাভাবিক শিশু বলতে কী বুঝায়?
গ. সাইয়ারা শৈশবের কোন পর্যায়ে আছে? ব্যাখ্যা কর।
ঘ. সাইয়ারার মায়ের ভূমিকা সাইয়ারার মতো শিশুদের সুষ্ঠু বিকাশে সহায়ক– বুঝিয়ে লিখ।

### ২নং প্রশ্নের উত্তর

ক. জন্মের পর নবজাতকের প্রথম ভাষা হলো কান্না।

খ. যেসব শিশু জন্মের সময় লালচে বা গোলাপি বর্ণের হয়, জন্ম মুহূর্তে কাঁদে, স্বাভাবিকভাবে দুধ খেতে পারে, তারাই সুস্থ স্বাভাবিক শিশু। এ শিশুরা প্রায় ১৮–২০ ঘণ্টা ঘুমায়। দু-তিন ঘণ্টা পর পর জেগে ওঠে, আহার করে, মলমূত্র ত্যাগের পর আবার ঘুমায়।

গ. সাইয়ারা শৈশবের প্রারম্ভিক পর্যায়ে আছে। ২ বছর থেকে ৬ বছর পর্যন্ত সময় শৈশবের প্রথম পর্যায়। এ বয়সটির অন্য আরেকটি নাম হলো প্রাক বিদ্যালয় শিশু বা স্কুল পূর্বের শিশু। এ সময়টা শিশুর জন্য আনন্দের একটি সময়। পৃথিবী তার কাছে একটা বিরাট বিস্ময়। নিজেকে, অপরকে, আশপাশের সবকিছুকে নিয়ে তার আছে হাজারো প্রশ্ন। সে প্রত্যেক বিষয়ে অনর্গল প্রশ্ন করে। সে সবকিছু শিখতে চায়। এ বয়সটা আগ্রহ ও কৌতূহলের বয়স। এভাবে কথা বলতে বলতে তার বুদ্ধির বিকাশ ঘটে। উদ্দীপকে সাইয়ারা আগামী বছর স্কুলে ভর্তি হবে। সে সারাদিন কথা বলে। চারপাশের জগৎ নিয়ে মাকে সে সারাদিন হাজারো প্রশ্ন করে ব্যস্ত রাখে। এগুলো সবই শিশুর প্রারম্ভিক শৈশবের লৰণ। তাই বলা যায়, সে প্রারম্ভিক শৈশব পর্যায়ে আছে।

ঘ. সাইয়ারার মায়ের ভূমিকা সাইয়ারার মতো শিশুদের সুষ্ঠু বিকাশে সহায়ক। কেননা সাইয়ারা প্রারম্ভিক শৈশবে আছে। এ বয়সটা শিশুর জন্য আনন্দের সময়। পৃথিবীটা তার কাছে একটি বিরাট বিস্ময়। এ বয়সটা আগ্রহ ও কৌতূহলের বয়স। এ বয়সে শিশুর নিজেকে, অপরকে, আশপাশের সবকিছুকে নিয়ে থাকে হাজারো প্রশ্ন। সে প্রত্যেক বিষয়ে অনর্গল প্রশ্ন করে। এ বয়সী শিশুদের সুষ্ঠু বিকাশের জন্য দামি খেলনা নয়, প্রয়োজন হয় তার সাথে সুন্দর করে কথা বলা, বিরক্ত না হয়ে প্রশ্নের উত্তর দেওয়া, মনোযোগ দিয়ে কথা শোনা, তার সাথে গল্প করা, সময় দেওয়া, নতুন নতুন বিষয়ের সাথে তাকে পরিচিত করা। উদ্দীপকে সাইয়ারার কর্মব্যস্ত মা বিরক্ত না হয়ে সাইয়ারার বিভিন্ন প্রশ্নের উত্তর দিতে থাকেন। তাই বলা যায়, সাইয়ারার মায়ের ভূমিকা সাইয়ারার মতো শিশুদের সুষ্ঠু বিকাশে সহায়ক।

## অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –৩ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

চাকরিজীবি বাবা–মায়ের একমাত্র সন্তান আসিফ। তার বয়স ৫ বছর। মা তার জন্য দামি জামাকাপড়, খাবার ও খেলনা কিনে আনে। কিন্তু সঙ্গ আর পরিচর্যার অভাবে সে অসুস্থ হয়ে পড়ে। শিশু বিশেষজ্ঞের কাছে নিয়ে গেলে তিনি বলেন, শিশুর সুস্থ বিকাশের জন্য দামি খেলনা নয়, প্রয়োজন বাবা–মায়ের সঙ্গ।

ক. শিশুর মস্তিষ্ক বিকাশের জন্য কী দরকার? ১

খ. বড়দের ভালো আচরণ শিশুর উপর কেমন প্রভাব ফেলে? ২

গ. আসিফের বয়সী শিশুদের বৈশিষ্ট্যগুলো বর্ণনা কর। ৩

ঘ. আসিফের সুস্থ বিকাশের জন্য শিশু বিশেষজ্ঞের উক্তিটির যৌক্তিকতা নিরূপণ কর। ৪

### ৩নং প্রশ্নের উত্তর

ক. শিশুর মস্তিষ্ক বিকাশের জন্য স্নেহ, ভালোবাসা ও উদ্দীপনা দরকার।

খ. বড়দের প্রশংসা ও ভালো আচরণ শিশুর মধ্যে নিরাপত্তাবোধ জাগিয়ে তোলে। শিশুকে যখন প্রশংসা করা হয় তখন সে বুঝতে পারে তার আচরণটি বড়দের কাছে গ্রহণযোগ্য। এটি তার মধ্যে ভালো আচরণের ইচ্ছা জাগিয়ে তোলে। সে আরও ভালো কাজ করতে আগ্রহী হয়।

গ. আসিফের বয়সী শিশুদের প্রাক বিদ্যালয়গামী শিশু বলা হয়। এ সময় শিশুরা আনুষ্ঠানিক পড়াশোনা শুরব করার আগে স্কুলে যাবার প্রস্তুতি নেয়। এ বয়সী শিশুদের বৈশিষ্ট্যগুলো হলো–

১. প্রাক বিদ্যালয়গামী শিশুরা আগ্রহী ও কৌতুহলী হয়।
২. তারা অনর্গল কথা বলে।
৩. এ বয়সী শিশুরা অনুকরণপ্রিয় হয়।
৪. তারা আত্মকেন্দ্রিক হয়।
৫. এ বয়সী শিশুরা সমবয়সীদের সাথে প্রতিযোগিতা করে।

ঘ. বাবা–মায়ের সাথে শিশুর ঘনিষ্ঠ সম্পর্ক শিশুর বিকাশে ইতিবাচক ভূমিকা রাখে। নাবিলার মা–বাবা দুইজনই চাকুরিজীবি হওয়ার কারণে সে বাবা–মায়ের আদর, স্নেহ, ভালোবাসা থেকে বঞ্চিত। যা শিশুর সুস্থ বিকাশের অন্তরায়। এ বয়সী শিশুর সুস্থ বিকাশের জন্য তাদের সাথে ঘরে, বাইরে সুন্দরভাবে কথা বলা প্রয়োজন। মনোযোগ দিয়ে তাদের কথা শোনা ও বিরক্ত না হয়ে তাদের প্রশ্নের জবাব দেওয়া প্রয়োজন। তাদের সাথে খেলাধুলা, গল্প, ছড়া বলা, নতুন নতুন বিষয় সম্পর্কে পরিচিত করা ইত্যাদি তাদের বিকাশকে ত্বরান্বিত করে। এ কাজগুলো ভালোভাবে যত বেশি করা হবে শিশুর জন্য ততই মঙ্গলজনক। উপরিউক্ত আলোচনা থেকে প্রতীয়মান হয় যে, আসিফের সুস্থ বিকাশের জন্য শিশু বিশেষজ্ঞের উক্তিটি সঠিক।

**প্রশ্ন –৪ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

নিপা একক পরিবারে বাস করে। বর্তমানে এ ধরনের পরিবারই বেশি। অন্যদিকে সুমা যৌথ পরিবারে বাস করে। সকলের সাথে বাস করায় সে যে কোনো বিপদে সাহায্য, পরামর্শ, আত্মীয়দের সহযোগিতা ও অর্থনৈতিক সুবিধার মাধ্যমে বড় হয়।

[সরকারি ইকবালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা]

ক. গঠন অনুসারে পরিবারকে কয় ভাগে ভাগ করা যায়? ১

খ. টডলার বলতে কী বোঝ? ২

গ. নিপা ও সুমার পরিবারের মধ্যে তিনটি তুলনামূলক পার্থক্য ব্যাখ্যা কর। ৩

ঘ. নিপা যে ধরনের পরিবারে বাস করে তার অসুবিধাসমূহ আলোচনা কর। ৪

### ৪নং প্রশ্নের উত্তর

ক. গঠন অনুসারে পরিবারকে দুই ভাগে ভাগ করা যায়।

খ. শিশু দেড় বছর বয়স থেকে যখন হেলেদুলে হাঁটতে থাকে তখন তাদেরকে টডলার বলা হয়। এ সময়ে শিশুর বিকাশ এত দ্রবত হয় যে পরিচিত জনের কাছেও শিশুকে অনেক বড় এবং অচেনা লাগে। শিশুকে এ সময় বেশ হাসিখুশি দেখা যায়।

গ. নিপা একক পরিবারে বাস করে। অন্যদিকে সুমা যৌথ পরিবারে বাস করে। নিম্নে নিপা ও সুমার পরিবারের মধ্যে তিনটি তুলনামূলক পার্থক্য ব্যাখ্যা করা হলো–

১. একক পরিবারে বাস করায় নিপার পরিবার বিপদের সময় আত্মীয়দের সাহায্য, সহযোগিতা ও পরামর্শ পায় না। অন্যদিকে, সুমা যৌথ পরিবারে বাস করে বলে সে যে কোনো বিপদে আত্মীয়দের সহযোগিতা, সাহায্য ও পরামর্শ পায়।

২. নিপার পরিবার তাদের দাদা–দাদি বা পরিবারের বয়স্ক সদস্যদের আদর ভালোবাসা থেকে বঞ্চিত হয়। কিন্তু সুমার পরিবারের সদস্যরা তাদের দাদা–দাদি বা পরিবারের বয়স্ক সদস্যদের আদর ভালোবাসা পেয়ে থাকে।

৩. নিপার পরিবারের মতো একক পরিবারের মা–বাবা উভয়েই কর্মজীবী হলে সন্তানদের এমন কেউ দেখাশোনা করে যারা আত্মীয় নন। অন্যদিকে, সুমার পরিবারের, মতো যৌথ পরিবারের শিশুরা সকলের স্নেহ, ভালোবাসার মাঝে কর্মজীবী মায়ের অভাব বুঝতে পারে না।

ঘ. নিপা যে ধরনের পরিবারে বাস করে তা হলো একক পরিবার। একক পরিবারের সুবিধার পাশাপাশি অনেক অসুবিধাও রয়েছে। সেগুলো হলো– একক পরিবারের সন্তানেরা তাদের দাদা–দাদি বা পরিবারের বয়স্ক সদস্যদের সহযোগিতা ছাড়াই বেড়ে ওঠে। এ পরিবারের মা–বাবা কর্মজীবী হলে সন্তানদের এমন কেউ দেখাশোনা করে যারা তাদের আত্মীয় নন। এতে করে সন্তানদের বিকাশ বাধাগ্রস্ত হয়। সন্তান প্রতিপালনের জন্য দাদা–দাদি বা পরিবারের বয়স্ক সদস্যদের সাহায্য পাওয়া যায় না। এতে করে দাদা–দাদি ও নাতি–নাতনি উভয়েই একে অপরের সঙ্গ থেকে বঞ্চিত হয়। তাছাড়া একক পরিবারের সদস্যরা বিপদের সময় আত্মীয়দের সাহায্য, সহযোগিতা ও পরামর্শ যথাযথভাবে পায় না। নিপার পরিবারের মতো প্রতিটি একক পরিবারেই উপরে উলিরখিত অসুবিধাসমূহ ভোগ করে।

**প্রশ্ন –৫ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

সুমির বাসায় আজ আনন্দের সীমা নেই। তার একটি ফুটফুটে ভাই হয়েছে। তার গায়ের রং গোলাপি বর্ণের। জন্মের পরপরই সে চিৎকার করে কেঁদেছে। সুমি লৰ করল একটু জোরে শব্দ হলে শিশুটি চমকে ওঠে। সে তার ভাইয়ের সাথে খেলা করবে বলে অপেৰা করছে কিন্তু শিশুটি বেশির ভাগ সময় ঘুমায়। দু–তিন ঘণ্টা পরপর জেগে ওঠে,

আহার করে, আবার ঘুমায়। সুমির মা সুমিকে শিশুর বিভিন্ন বয়সের বৈশিষ্ট্য জেনে রাখার পরামর্শ দিলেন।

ক. অতি শৈশবের সময়সীমা কত? ১
খ. পারিবারিক বন্ধন বলতে কী বোঝায়? ২
গ. সুমির মা সুমিকে শিশুর বিভিন্ন বয়সের বৈশিষ্ট্য জেনে রাখার পরামর্শ দিলেন কেন? ৩
ঘ. সুমির নবজাতক ভাই কি একটি সুস্থ নবজাতক? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

### ৫নং প্রশ্নের উত্তর

ক. অতি শৈশবের সময়সীমা হচ্ছে ২ সপ্তাহ থেকে ২ বছর।

খ. আমাদের পরিবারে মা-বাবা, ভাই-বোনসহ আরও অনেকে থাকেন। এদের যে কারও অনুপস্থিতিতে আমাদের মন খারাপ লাগে, অসুস্থতায় আমাদের অস্থির লাগে। কারণ পরিবারের সকল সদস্যদের মধ্যে একটা গভীর সম্পর্ক বিরাজ করে। এটাই পারিবারিক বন্ধন।

গ. সুমির মা সুমিকে শিশুর বিভিন্ন বয়সের বৈশিষ্ট্য জেনে রাখার পরামর্শ দিলেন। কারণ একটি শিশুর বিভিন্ন বয়সের বৈশিষ্ট্য সম্পর্কে জানা থাকলে আমরা তাদের সাথে সঠিক আচরণ করতে পারব। একটি শিশুর জন্মের পর নতুন পরিবেশে থাকে নানা রকমের বিপদ, নানা রকমের ঝুঁকি। এসব বিপদ ও ঝুঁকি সম্পর্কে সঠিক ধারণা না থাকার কারণে ও সঠিকভাবে যত্নের অভাবে আমাদের দেশে নবজাতকের মৃত্যুর হার অনেক বেশি। শিশুর বিভিন্ন বয়সের বৈশিষ্ট্য জানা থাকলে শিশুর ঐ বয়সের চাহিদা পূরণ করতে পারব। উদ্দীপকে দেখা যায় সুমির একটি ভাই জন্ম নিয়েছে। তাই সে যদি নবজাতকের বৈশিষ্ট্যগুলো জানতে পারে তাহলে সে বড় বোন হিসেবে ছোট ভাইয়ের প্রতি যত্ন ও সজ্ঞা দিতে পারবে। এ কারণেই সুমির মা সুমিকে শিশুর বিভিন্ন বয়সের বৈশিষ্ট্য জেনে রাখার পরামর্শ দিলেন।

ঘ. সুমির ভাই একটি সুস্থ নবজাতক। একটি সুস্থ নবজাতকের কিছু বৈশিষ্ট্য রয়েছে। জন্মের সময় লালচে বা গোলাপি বর্ণের হয়, জন্ম মুহূর্তে কাঁদে, স্বাভাবিকভাবে দুধ খেতে পারে। সুস্থ স্বাভাবিক নবজাতক প্রায় ১৮-২০ ঘণ্টা ঘুমায়। দু-তিন ঘণ্টা পর পর জেগে ওঠে, আহার করে, মল-মূত্র ত্যাগের পর আবার ঘুমায়। এছাড়াও ঠোঁটের কাছে আঙ্গুল রাখলে শিশু চুষে খেতে চায়। হঠাৎ কোনো শব্দ হলে চমকে ওঠে। উদ্দীপকের সুমির ফুটফুটে ভাইটি জন্মের পরপরই চিৎকার করে কেঁদেছে। তার গায়ের রং গোলাপি বর্ণের। একটু জোরে শব্দ হলে শিশুটি চমকে ওঠে। বেশির ভাগ সময় সে ঘুমায়। দু-তিন ঘণ্টা পর পর জেগে ওঠে, আহার করে, মল-মূত্র ত্যাগের পর আবার ঘুমায়। এ থেকে প্রমাণিত হয় যে, সুমির নবজাতক ভাইটি একটি সুস্থ নবজাতক।

**প্রশ্ন -৬ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

শ্রাবণ তার বাবা-মায়ের বড় সন্তান। তার বয়স ৯ বছর। সে তার বন্ধুদের সাথে স্কুলে যায়, খেলাধুলা করে, সাইকেল চালায়। সে খুব ভালো ছবি আঁকতে পারে। তার শিক্ষক, মা-বাবা, আত্মীয় স্বজন সবাই তার ছবি আঁকার প্রশংসা করে। এই প্রশংসা তার মধ্যে ভালো আচরণের ইচ্ছা জাগিয়ে তোলে। সে তার মাকে ঘরের বিভিন্ন কাজে সাহায্য করে। অত্যন্ত দক্ষতার সাথে সে কাজগুলো করে থাকে। এভাবে নিজের কাজ ও ঘরের প্রয়োজনীয় বিভিন্ন কাজ করার মধ্য দিয়ে সে উদ্যমী ও পরিশ্রমী হিসেবে গড়ে উঠছে।

ক. নবজাতক কাল বলা হয় কোন সময়কে? ১
খ. প্রারম্ভিক শৈশবকে খেলার বয়স বলা হয় কেন? ২
গ. শ্রাবণের বৈশিষ্ট্যে শিশুর বয়সের কোন পর্যায়কে নির্দেশ করছে? ৩
ঘ. শ্রাবণের উদ্যম ও পরিশ্রম তাকে সফল মানুষ হিসেবে গড়ে তুলতে পারে কি? মতের পক্ষে যুক্তি দাও। ৪

### ৬নং প্রশ্নের উত্তর

ক. জন্মমুহূর্ত থেকে ২ সপ্তাহ পর্যন্ত সময়কে নবজাতক কাল বলা হয়।

খ. প্রারম্ভিক শৈশবের আর একটি নাম হলো প্রাক বিদ্যালয় শিশু বা স্কুল পূর্বের শিশু। এটা এমন একটা বয়স যখন শিশু স্কুলে আনুষ্ঠানিক পড়াশোনা শুরু করে না কিন্তু স্কুলে যাওয়ার প্রস্তুতি নেয়। আবার কোনো কোনো শিশু এ বয়সে স্কুলে যায়, তারা স্কুলে খেলাধুলার মধ্য দিয়ে আনুষ্ঠানিক পড়াশোনা শুরুর প্রস্তুতি নেয়। তাই এ বয়সকে খেলার বয়স বলা হয়।

গ. শ্রাবণের বৈশিষ্ট্য মধ্য শৈশবকে নির্দেশ করছে। ৬ বছর – ১০/১১ বছর পর্যন্ত বয়সকে মধ্য শৈশব বলা হয়। এ বয়সটি দলীয়ভাবে খেলার বয়স। একসাথে স্কুলে যাওয়া ও খেলাধুলার কারণে সমবয়সীদের সাথে তার ব্যাপক যোগাযোগ হয়। এ বয়সে তার মধ্যে প্রয়োজনীয় দক্ষতা তৈরি হয়। নিজের কাজের পাশাপাশি ঘরে-বাইরে নানা কাজে অংশ নেওয়ার মধ্য দিয়ে তারা উদ্যমী ও পরিশ্রমী হয়। উদ্দীপকে শ্রাবণের বয়স ৯ বছর যা মধ্য শৈশবকাল। শ্রাবণ বন্ধুদের সাথে এক সাথে স্কুলে যায়, খেলাধুলা করে, সাইকেল চালায়। ভালো ছবি আঁকার প্রশংসা তার মধ্যে ভালো আচরণের ইচ্ছা জাগিয়ে তোলে। ঘরের কাজের পাশাপাশি নিজের কাজ অত্যন্ত দক্ষতার সাথে করে। শ্রাবণের এসব বৈশিষ্ট্য তার মধ্য শৈশবকে নির্দেশ করছে।

ঘ. শ্রাবণের উদ্যম ও পরিশ্রম তাকে সফল মানুষ হিসেবে গড়ে তুলতে পারে। কেননা শ্রাবণ এখন মধ্য শৈশব কাল অতিক্রম করছে। দলীয়ভাবে সে বন্ধুদের সাথে স্কুলে যায়, খেলাধুলা করে, সাইকেল চালায় । সে ভালো ছবি আঁকতে পারে। নিজের কাজগুলো নিজেই করতে পারে। সে তার মাকে বিভিন্নভাবে সাহায্য করে। এভাবে নিজের কাজ ও ঘরের প্রয়োজনীয় কাজ তাকে উদ্যমী ও পরিশ্রমী করে গড়ে উঠতে সাহায্য করছে। এই উদ্যম ও পরিশ্রম তাকে সফল মানুষ হিসেবে গড়ে তুলবে। এ বয়সের ছোট ছোট কাজের সাফল্য তার আত্মবিশ্বাস বাড়াবে। এ সময়ের সফলতা তার ভবিষ্যৎ সফলতার দরজা খুলে দিবে। ব্যর্থতা এ বয়সের শিশুদের মধ্যে হতাশার জন্ম দেয়। এই হতাশা থেকে শিশুদের নানারকম আচরণগত সমস্যা তৈরি হয় এবং তাকে ব্যর্থ মানুষ হিসেবে গড়ে তোলে। তাই বলা যায়, উদ্যম ও পরিশ্রম শ্রাবণকে সফল মানুষ হিসেবে গড়ে তুলবে।

**প্রশ্ন –৭ ▶** রিতার বয়স ১১ বছর। সম্প্রতি তার একটি ভাই হয়েছে। সে খুবই খুশি। এতো ছোট শিশু দেখে সে তার মাকে প্রশ্ন করলে মা বলে তার ভাইয়ের ওজন, উচ্চতা সবই ঠিক আছে। রিতার মা শিৰিত বলে সে রিতার ব্যাপারেও সব সময় সচেতন।

ক. কত বছরের নিচে সকলকে শিশু বলা হয়? ১
খ. গঠন অনুসারে পরিবার কয় প্রকার ও কী কী? ২
গ. রিতার ভাইয়ের বৈশিষ্ট্যসমূহ বর্ণনা কর। ৩
ঘ. 'রিতার মায়ের ভূমিকা শিশুদের সুষ্ঠু বিকাশে সহায়ক— মতামত দাও। ৪

**প্রশ্ন –৮ ▶** রবহীর বয়স ১১ বছর। সামাজিক জীবনে তার বিস্ময়কর পরিবর্তন এসেছে। তার মধ্যে দৰতা তৈরি হয়েছে। দৰতার ভিত্তিতে সে পরিশ্রমী ও উদ্যমী হয়ে ওঠে যা তার নতুন কাজে আত্মবিশ্বাস জোগায়।

ক. শিশুর যত্নে কার ভূমিকা সবচেয়ে বেশি? ১
খ. অতি শৈশবকাল বলতে কী বোঝ? ২
গ. রবহীর মধ্যে কোন ধরনের দৰতা দেখা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. রবহীর আত্মবিশ্বাস তৈরিতে পরিশ্রম ও উদ্যম সহায়ক ভূমিকা রাখতে পারে বলে কি তুমি মনে কর? তোমার মতামত আলোচনা কর। ৪

## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

### ● ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর ■ ●

**প্রশ্ন ॥ ১ ॥ একক পরিবার কাকে বলে?**
**উত্তর :** শুধুমাত্র মা-বাবা ও তাদের অবিবাহিত সন্তান–সন্ততি নিয়ে গঠিত পরিবারকে একক পরিবার বলে।

**প্রশ্ন ॥ ২ ॥ যৌথ পরিবার কাকে বলে?**
**উত্তর :** যে পরিবারে, দাদা-দাদি, চাচা–চাচি, মা–বাবা ও সন্তানরা একসাথে বসবাস করে তাকে যৌথ পরিবার বলে।

**প্রশ্ন ॥ ৩ ॥ জাতিসংঘ ঘোষিত সনদে ১৮ বছর বয়সের নিচে সবাইকে কী হিসেবে গণ্য করা হয়?**
**উত্তর :** জাতিসংঘ ঘোষিত সনদে ১৮ বছর বয়সের নিচে সবাইকে শিশু হিসেবে গণ্য করা হয়।

**প্রশ্ন ॥ ৪ ॥ কত বছর পর্যন্ত সময়কে অতি শৈশব বলা হয়?**
**উত্তর :** ২ সপ্তাহ থেকে ২ বছর পর্যন্ত বয়স কালকে অতি শৈশব বলা হয়।

**প্রশ্ন ॥ ৫ ॥ শিশুর মানসিক বিকাশে কী কী দরকার?**
**উত্তর :** শিশুর মানসিক বিকাশে উপযুক্ত খাদ্যের সাথে দরকার স্নেহ, ভালোবাসা ও উদ্দীপনা।

**প্রশ্ন ॥ ৬ ॥ শিশুদের বুদ্ধির বিকাশ ঘটবে কীভাবে?**
**উত্তর :** শিশুদের প্রশ্নের সহজ ও স্বাভাবিক উত্তর দিলে।

### ● ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর ■ ●

**প্রশ্ন ॥ ১ ॥ মধ্য শৈশবের শিশুদের ভালো কাজের প্রশংসা করতে হবে কেন?**
**উত্তর :** মধ্য শৈশবের শিশুদের ভালো কাজের প্রশংসা করা উচিত। কেননা এ বয়সের শিশুদের ভালো আচরণের জন্য বড়দের প্রশংসা শিশুর নিরাপত্তাবোধ জাগিয়ে তোলে। শিশুকে যখন প্রশংসা করা হয়, তখন সে বুঝতে পারে–তারা যে আচরণটি করছে তা বড়দের কাছে গ্রহণযোগ্য। এটি তাদের মধ্যে ভালো আচরণের ইচ্ছা জাগিয়ে তোলে, তারা আরও ভালো কাজ করতে আগ্রহী হয়।

**প্রশ্ন ॥ ২ ॥ শিশুর সাথে ভাবের আদান-প্রদান জরুরি–ব্যাখ্যা কর।**
**উত্তর :** শিশুর সুস্থ মানসিক বিকাশে ভাবের আদান-প্রদান অত্যন্ত জরুরি। শিশুর মস্তিষ্কের বিকাশের জন্য উপযুক্ত খাদ্যের সাথে স্নেহ, ভালোবাসা, মনোযোগ ও উদ্দীপনা প্রয়োজন। অর্থাৎ পরিবারের নিকটজনেরা শিশু পালন, খেলা, ভাব বিনিময়ে অংশ নেয়ার ফলে সে সকল শিশু অন্যদের চেয়ে বেশি স্বাস্থ্যবান ও বুদ্ধিমান হয়। তারা অধিক নিরাপত্তার মধ্যে বেড়ে ওঠে।

**প্রশ্ন ॥ ৩ ॥ বড়দের কোন কোন কাজগুলো শিশুর মধ্যে হতাশার জন্ম দেয়?**
**উত্তর :** বড়দের উৎসাহ অনুপ্রেরণা যেমন একটি শিশুকে উদ্যমী করে তোলে; আবার তাদের নেতিবাচক মনোভাব শিশুকে হতাশ করে। যেমন : ব্যর্থতার সময় তাকে বকাঝকা করা, কোনো ভালো কাজ করলে প্রশংসা না করা, কোনো প্রশ্ন করলে ধমক দেওয়া, তার কাজকে মূল্যায়ন না করা, পরীক্ষায় খারাপ করলে মা-বাবার হতাশ হওয়া; তার আত্মমর্যাদায় আঘাত হানে এমন কোনো কাজ করা ইত্যাদি।

**প্রশ্ন ॥ ৪ ॥ বড়দের ভালো আচরণ শিশুর উপর কেমন প্রভাব ফেলে?**
**উত্তর :** বড়দের প্রশংসা ও ভালো আচরণ শিশুর মধ্যে নিরাপত্তাবোধ জাগিয়ে তোলে। শিশুকে যখন প্রশংসা করা হয় তখন সে বুঝতে পারে তার আচরণটি বড়দের কাছে গ্রহণযোগ্য। এটি তার মধ্যে ভালো আচরণের ইচ্ছা জাগিয়ে তোলে। সে আরও ভালো কাজ করতে আগ্রহী হয়।